দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 19 JUN 1989 ...
পৃষ্ঠা ... কলাম ...

(২৯

041

# কুমিল্লা বোর্ডের একটি বিষয়ের পরীক্ষা স্থগিত

কুমিল্লা, ১৮ জুন (নিজস্ব সংবাদদাতার ফোন)।— কুমিল্লা বোর্ড উচ্চ মাধ্যমিক পরীক্ষার ১৯ জুন অনুষ্ঠিতব্য অর্থনৈতিক ও বাণিজ্যিক ভূগোল দ্বিতীয়পত্রের পরীক্ষা স্থগিত ঘোষণা করেছে। এ পরীক্ষার তারিখ পরে ঘোষণা করা হবে।

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## কুমিল্লা বোর্ড

প্রথম পৃষ্ঠার পর

জানা গেছে, আজ এ বিষয়ের প্রথমপত্রের পরীক্ষা হবার কথা। পটিয়া সরকারী কলেজ কেন্দ্রে পরীক্ষার্থীদের প্রথমপর্বের বদলে দ্বিতীয়পত্রের প্রশ্নপত্র বিলি করা হয়। প্রায় ২শ প্রশ্নপত্র বিলির পর ছাত্ররা দ্বিতীয়পত্রের প্রশ্নপত্র দেখে জানায় যে, আজ তাদের প্রথমপর্বের পরীক্ষা।

পরে তাড়াহুড়ো করে এসব প্রশ্নপত্র ফিরিয়ে নেয়ার চেষ্টা করা হয়। অবশ্য সব প্রশ্নপত্র ফিরিয়ে নেয়া সম্ভব হয়নি। পরবর্তীতে প্রথমপত্রের প্রশ্নপত্র বিলি করা হয় এবং এ কেন্দ্রে যথারীতি পরীক্ষা অনুষ্ঠিত হয়।